KHABOR SOJASUJI

# খবর সোজাসুজি

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, টুইটার এবং ইন্সটাগ্রাম।
Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র
খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-1, Issue-7 Bardhaman , 15 September 2023 Rs. 2.00 ( Four Pages ) Publisher - Israil Mallick

## এক নজরে

● ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনে জয়ী তৃণমূল প্রার্থী নির্মলচন্দ্র রায়। বিজেপিকে হারিয়ে ৪ হাজারেরও বেশি ভোটে জয়লাভ করে ধূপগুড়ি দখল করল তৃণমূল।

● পয়লা বৈশাখ বাংলা দিবসের প্রস্তাব পাস হল বিধানসভায়।রাজ্যপাল সই না করলেও বাংলা পয়লা বৈশাখ প্রতিষ্ঠা দিবস পালন করবে, জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● বেতন বাড়ল রাজ্যের বিধায়কদের। এখন থেকে বিধায়করা বেতন এবং ভাতা বাবদ মাসে পাবেন ১ লক্ষ ২১ হাজার টাকা, আগে পেতেন ৮১ হাজার টাকা।

● ৩১৭ কোটি টাকার স্কিল ডেভেলপমেন্ট দুর্নীতি মামলায় গ্রেফতার অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু।

● জামালপুর পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ হলেন মেহেমুদ খাঁন, কৃষি কর্মাধ্যক্ষ হলেন জয়দেব দাস, বন ও ভূমি কর্মাধ্যক্ষ হলেন মইদুল ইসলাম শেখ, জন স্বাস্থ্য কর্মাধ্যক্ষ হলেন দেবু হেমব্রম, খাদ্য কর্মাধ্যক্ষ হলেন শ্রীমন্ত সাঁতরা, মৎস্য ও প্রাণী সম্পদ কর্মাধ্যক্ষ হলেন সুনীল ধারা, নারী ও শিশু কর্মাধ্যক্ষ হলেন মিঠু ঢালি, শিক্ষা কর্মাধ্যক্ষ হলেন শ্রীমন্ত রায়, বিদ্যুৎ কর্মাধক্ষ হলেন শিপ্রা ওঝা ঘোষ।

● বিধায়কদের বেতন বৃদ্ধি এবং পয়লা বৈশাখ পশ্চিমবঙ্গ দিবস পালন করার প্রতিবাদে চুঁচুড়া পিপুলপাতি মোড়ে বিজেপির অবস্থান বিক্ষোভ।

● চলে গেলেন শিপতাই মহুলা সতীরঞ্জন বিদ্যামন্দিরের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক রাঘবেন্দ্র মুখোপাধ্যায়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

● বিজেপি ছাড়লেন নেতাজি পরিবারের সদস্য চন্দ্র বসু।

● এবার কি পরিবর্তন হচ্ছে দেশের নাম ! 'ইন্ডিয়া' নয়, লিখতে হবে 'ভারত' ! রাষ্ট্রপতির চিঠি ঘিরে শুরু হয়েছে বিতর্ক।

● পাস করে গেলেই ২৪ ঘন্টার মধ্যে ছাড়তে হবে হোস্টেল, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রের রহস্য মৃত্যু মামলায় এমনই কড়া নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট।

● ভারতে রাজনৈতিক স্থিতিশীলতা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দাবি একটি ব্রিটিশ সংবাদপত্রের ।

● বিজেপির জেলা সম্পাদকের বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ বিজেপির মহিলা মোর্চার নেত্রীর !

(এরপর চারের পাতায়)

## নতুন ও পুরনোদের মেল বন্ধনে সুষ্ঠুভাবে গঠিত হল ধনেখালি পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতি, ৯ জন কর্মাধ্যক্ষের মধ্যে ৭ জনই নতুন

ইসরাইল মল্লিক ঃ ধনেখালি ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি তথা ধনেখালি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সৌমেন ঘোষ এবং ধনেখালির বিধায়ক অসীমা পাত্রের নেতৃত্বে সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে গঠিত হল ধনেখালি পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতি ও কর্মাধ্যক্ষ নির্বাচন পর্ব।এবারে ধনেখালি পঞ্চায়েত সমিতির ৯ জন কর্মাধ্যক্ষের মধ্যে ৭ জনই নতুন।তার মধ্যে আবার ৪ জন মহিলা।পঞ্চায়েত সমিতির শিক্ষা, সংস্কৃতি,তথ্য ও ক্রীড়া স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন তন্দ্রিমা রায় চৌধুরী। শিশু ও নারী উন্নয়ন, জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন বিজলী মাঝি। খাদ্য ও সরবরাহ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন সর্বাণী সর্দার। জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন শিবানী মুর্মু।



পূর্ত কার্য ও পরিবহন স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন মহম্মদ হানিফ।বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন মহম্মদ মহসিন মন্ডল। কৃষি,সেচ ও সমবায় স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন মুন্সী সাকায়ৎ হোসেন। মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন অরুণ মাঝি এবং ক্ষুদ্র শিল্প,বিদ্যুৎ ও অচিরাচরিত স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হলেন অশোক পাল।অশোক পাল ও মহম্মদ মহসিন মন্ডল ছাড়া বাকি সাত জন কর্মাধ্যক্ষই এবারে নতুন। অশোকবাবু ও মহসিনবাবু পঞ্চায়েত সমিতির বিগত বোর্ডেও কর্মাধ্যক্ষ ছিলেন। যদিও



মুন্সী সাকায়ৎ হোসেন ২০১৩ থেকে ২০১৮ পর্যন্ত পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধ্যক্ষ ছিলেন। এবারে আবারও তিনি কৃষি কর্মাধ্যক্ষের দায়িত্ব পেয়েছেন। কিন্তু বাকি ছয় জন এবারেই প্রথম পঞ্চায়েত সমিতির সদস্য হয়েছেন এবং কর্মাধ্যক্ষের দায়িত্ব পেয়েছেন।

পঞ্চায়েত নির্বাচনে অভাবনীয় সাফল্যের পর এখন মূল লক্ষ্য ২০২৪ লোকসভা নির্বাচন। আসন্ন লোকসভা নির্বাচনকে পাখির

(এরপর দুয়ের পাতায়)

## ডেঙ্গু সচেতনতার বার্তা নিয়ে তারকেশ্বরে বহুরুপী গোলাপ সুন্দরীর সাজে খানাকুলের মাচপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেবাশিষ মুখোপাধ্যায় !

নিজস্ব সংবাদদাতা ঃ রবিবার সকালে ডেঙ্গু সচেতনতার বার্তা নিয়ে তারকেশ্বরে বহুরুপী শিক্ষক গোলাপ সুন্দরী ! বাল্যবিবাহ রোধ ও শিশু নিগ্রহের মতো ঘটনায় সমাজকে সচেতন করতে বার বার এগিয়ে এসেছেন গোলাপ সুন্দরী বহুরূপী সেজে শিক্ষক দেবাশিষ মুখোপাধ্যায়। দেবাশিষবাবুর বাড়ি আরামবাগ থানার তিলকচক গ্রামে।বহুরূপী সেজে হাতে প্লাকার্ড নিয়ে মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলার কাজ নিরলসভাবে করে চলেছেন হুগলির খানাকুল থানার অন্তর্গত মাচপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেবাশিসবাবু।পরনে ঘাগড়া, হাতে চুরি, সঙ্গে পোস্টার নিয়ে




'গোলাপ সুন্দরী' সেজে ওঠেন তিনি। মানুষকে বোঝাতে, সমাজকে সচেতন করতে এই প্রধান শিক্ষকের আশ্রয় গোলাপ সুন্দরীর সাজ। এই সাজে সমাজকে সচেতনতার বার্তা দিতে শুধু পশ্চিমবঙ্গ নয়, পশ্চিমবঙ্গের বাইরেও বিভিন্ন রাজ্যে এমনকি দিল্লি পর্যন্ত পৌঁছেছেন তিনি। এবার সেই সাজে ডেঙ্গু সচেতনায় রবিবার সকালে তারকেশ্বরে গোলাপ সুন্দরী খ্যাত দেবাশীষ মুখোপাধ্যায়। রবিবার

(এরপর দুয়ের পাতায়)



সূর্য অভিমুখে যাত্রা শুরু করল ইসরোর কৃত্রিম উপগ্রহ আদিত্য এল - ১

## শীঘ্রই শুরু হবে হাজিপুর থেকে কাশীপুর গেট এবং বৈদ্যপুর থেকে বেলগাছিয়া পর্যন্ত রাস্তা সংস্কারের কাজ

নিজস্ব প্রতিনিধি ঃ ধনেখালি ব্লকের বৈদ্যপুর থেকে বেলগাছিয়া পর্যন্ত প্রায় দুই কিলোমিটার পিচ রাস্তাটির বেহাল দশা। উঠে গেছে পিচের আস্তরণ। রাস্তায় দিয়ে চলাফেরা করাই দায়, অভিযোগ।এছাড়াও হাজিপুর থেকে কাশীপুর গেট পর্যন্ত মোরাম রাস্তাটিরও বেহাল দশা। রাস্তায়

(এরপর তিনের পাতায়)



## রাজ্য প্রশাসনে ব্যাপক রদবদল! একসঙ্গে বদলি ১২ ডিএম এবং ১০ এসপি !

ইসরাইল মল্লিক ঃ লোকসভা নির্বাচনের আগে রাজ্য প্রশাসনে ব্যাপক রদবদল করা হল। একসঙ্গে বদলি করা হল ১২ জন জেলা শাসককে। পাশাপাশি একাধিক জেলার পুলিশ সুপার সহ ডিআইজি এবং কলকাতা পুলিশ পুলিশের উচ্চপদেও



পূর্ব বর্ধমানের নতুন এসপি আমনদীপ

রদবদল করা হল।পূর্ব বর্ধমানের নতুন জেলা শাসক হলেন পূর্ণেন্দু মাজি। তিনি পূর্ব মেদিনীপুরের জেলা শাসক



হুগলি গ্রামীণের নতুন এসপি কামনাশিষ সেন।

ছিলেন।আর হুগলির নতুন জেলা শাসক হলেন মুক্তা আর্য। তিনি

(এরপর চারের পাতায়)

Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

খবর সোজাসুজি
Volume-1 Issue-7 15 September 2023

# সংবাদমাধ্যমের স্বাধীনতা

গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ সংবাদ মাধ্যম। যে দেশের সংবাদমাধ্যম যত স্বাধীন ও সার্বভৌম,সে দেশের গণতন্ত্র তত শক্তিশালী। সাংবাদিকের ভূমিকা অতন্দ্র প্রহরীর ।শাসক এবং বিরোধী, উভয় দলেরই ভালো- মন্দ নিয়ে আলোচনা এবং প্রয়োজনে গঠনমূলক সমালোচনা করাই সংবাদমাধ্যমের কাজ। সংবাদমাধ্যম যাতে তার এই প্রাথমিক কাজটি স্বাধীন এবং নির্ভীক ভাবে সম্পাদন করতে পারে তা নিশ্চিত করাই একটি গণতান্ত্রিক রাষ্ট্রের দায়িত্ব ও কর্তব্য। সাংবাদিক যাতে স্বাধীন ভাবে কাজ করতে পারে সেই পরিবেশ গড়ে তোলা একটি গণতান্ত্রিক রাষ্ট্রের শাসকের কর্তব্য। কিন্তু আমরা দেখতে পাচ্ছি গত এক দশকে ভারতে সাংবাদিকের স্বাধীনতা ক্রমাগত আক্রান্ত ।সংবাদপত্রের স্বাধীনতার ক্ষেত্রে বিভিন্ন আন্তর্জাতিক সূচকে ভারতের স্থান ক্রমশ নিম্নগামী ।শুধু কেন্দ্র নয়, বিভিন্ন রাজ্যের শাসকও চায় একটা ভয়ের পরিবেশ সৃষ্টি করে সংবাদমাধ্যমকে দমিয়ে রাখতে ।সবাই চায় পক্ষে সংবাদ। বিরুদ্ধ সংবাদ না পসন্দ ।শাসকের অন্যায়, অপদার্থতা এবং দুর্নীতির বিরুদ্ধে কলম ধরলেই সাংবাদিককে কখনও দেওয়া হচ্ছে হুমকি, আইনের অপব্যবহার করে কখনও আবার সাংবাদিকের ওপর নেমে আসছে প্রশাসনিক আক্রমণ। খবর যদি ভুল হয় বা সমালোচনা যদি উদ্দেশ্য প্রণোদিত হয় তাহলে শাসক অবশ্যই সঠিক যুক্তি ও তথ্য দিয়ে তার প্রতিবাদ করবে। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে প্রতিকারের ব্যবস্থা করবে। কারণ আইনের উর্ধ্বে কেউ নয় ।কিন্তু রাষ্ট্র কোনও ভাবেই আইনের অপব্যবহার করবে না,এটাই গণতন্ত্র। দায়িত্বশীল সাংবাদিকতা একটি জাতির স্বপ্ন দর্পণ স্বরূপ ।স্বাধীন ও নির্ভীক ভাবে কাজ করতে দেওয়া হোক সংবাদমাধ্যমকে ।বন্ধ হোক গণতন্ত্রের চতুর্থ স্তম্ভের ওপর আক্রমণ।



বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গোলাপবাগ ক্যাম্পাসে দেখা মিলল ইন্ডিয়ান ক্যামেলিয়নের !

# বয়ে চলো নদী

**পার্থ পাল**

দক্ষিণেশ্বর মন্দিরের ঘাট থেকে অনেকেই দৃশ্যটা দেখে থাকবেন। কিছু স্থানীয় যুবক মাঝগঙ্গায় হেঁটে বেড়াচ্ছেন! এর প্রথম কারণ, গঙ্গা নদীতে জলপ্রবাহের হার কমে যাওয়া। দ্বিতীয় কারণ, পরপর দুটি সড়ক ও রেল সেতুর পিলারের বাধা। এবং সর্বশেষ কারণ, নদীতে লাগামহীন দূষণ। ঘরের কাছের এই উদাহরণ ব্যতিক্রম নয় মোটে, বরং তা বিন্দুতে সিন্ধুদর্শন।

আমাদের দেশে এখন শাখা ও উপনদী মিলিয়ে মোট ১০,৩৬০ টি নদী আছে। যাদের মাধ্যমে নদী অববাহিকা অঞ্চলে বছরে মোট দুহাজার ঘন কিলোমিটার জল প্রবাহিত হয়। এমন নদীমাতৃক দেশেও নদীরা ভালো নেই। প্রধানত দুই প্রকার নদী এখানে প্রবাহিত হয় - নিত্যবহ ও অনিত্যবহ। নিত্যবহরা বরফগলা জলে পুষ্ট এবং উত্তর ভারতে প্রবাহমান। বাকিরা মূলত বৃষ্টির জল থেকেই বয়ে চলার রসদ পায়। বিভিন্ন কারণে এই স্রোতস্বিনীরাই হারিয়ে যেতে বসেছে। কাবেরী নদীর চল্লিশ শতাংশ শুকিয়ে গেছে। কৃষ্ণা ও নর্মদাও হারিয়েছে তাদের জলপ্রবাহের ষাট শতাংশ। এইভাবেই ধুঁকতে ধুঁকতে ভূখন্ড থেকেই মুছে গেছে কেরালার ভারতপূঝা, কর্নাটকের কাবিনি, তামিলনাড়ুর ভাইগাই, ওড়িশার মুসাল, মধ্যপ্রদেশের শিপ্রা, গুজরাটের লুনি, হিমাচল প্রদেশের ঘগ্গর, রাজস্থানের সরস্বতী, নয়াদিল্লির রোহিনী.....। তালিকা দীর্ঘ না করে বরং তাদের বিলুপ্তির কারণটা জেনে নেওয়া যাক।

ভারত এখন জনসংখ্যায় বিশ্বসেরা। ১৪০ কোটি ভারতবাসীর কাছে এত বড় ভূখণ্ডেও স্থান সংকুলানে সমস্যা। শহরের মাঝ দিয়ে বয়ে চলা অনেক নদী তাই আবর্জনা আর আবাসনের সাঁড়াশি চাপে খালে পরিণত হচ্ছে। তারপরেও মহামূল্যবান মাটি এড়াতে মেট্রোরেলের ব্রিজ তৈরি হচ্ছে খালের গতিপথের উপর দিয়ে। দিল্লি শহরের প্রধান নদী, তাজমহলের প্রাণভ্রমরা - যমুনা বর্তমানে দূষণে জেরবার। বস্তি এলাকার জৈব বর্জ্য, রঙ কারখানার রাসায়নিকের বদান্যতায় নদীর কালো জলে ভেসে বেড়ায় রঙিন ফেনা। যে নদীর নাম কৃষ্ণলীলার সাথে ওতপ্রোতভাবে জুড়ে রয়েছে, তাতে এখন স্নান করার অনিবার্য পরিণাম -



চর্মরোগ। পিছিয়ে নেই দেশের প্রধান নদী, গঙ্গাও। এই নদীর দু তীরে অবস্থিত ৯৭ টি বড় শহর থেকে রোজ ৩০০ কোটি লিটার নিকাশি বর্জ্য মেশে ‘পূণ্য’সলিলা জলধারায়। যার খুব সামান্য অংশই শোধিত হয়। ফলে গঙ্গাজলে ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, সিসা, আর্সেনিকের মতো অত্যন্ত ক্ষতিকারক মৌলগুলি অতি সহজলভ্য।

অন্যদিকে সহজলভ্য হয়েছে বালি। সবুজ ধ্বংস করে পরিকাঠামো তৈরীর বিপুল চাহিদায় বালি খাদান এখন লাভজনক ব্যবসা। নিয়ম নীতির তোয়াক্কা না করে বালি তোলায় তৈরি হচ্ছে গভীর নদীখাদ। তাতে ব্যাহত হচ্ছে নদীর স্বাভাবিক গতিধারা। ফলশ্রুতি, নদীর অপমৃত্যু। ময়ূরাক্ষী নদীর উপনদীর নাম বক্রেশ্বর। এককালে বহমান নদীটি বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ফ্লাই অ্যাশ ও বর্জ্যের ভার বইতে না পেরে বর্তমানে মৃতপ্রায়।

সভ্যতার ‘আরো চাই, আরও ’ মানসিকতা নদীকে শাসন করতে উদ্যোগী হয়েছে। যোশীমঠে ধৌলিগঙ্গা, ঋষিগঙ্গা জলবিদ্যুৎ প্রকল্পে নির্বিচারে গাছ কাটা হয়েছে। তৈরি হয়েছে বিপদজনক ট্যানেল। তার ফলও আমরা পেয়েছি হাতেনাতে। তাতেও লাগাম টানার লক্ষণ কোথায়! বাঁধের সংখ্যা বাড়তে বাড়তে বর্তমানে বিশ্বে বাঁধের মোট সংখ্যা পঞ্চাশ হাজার ছাড়িয়েছে। চিন এগারোটা বড় বড় বাঁধ তৈরি করে বদলে দিয়েছে মেকং নদীর গতিপথটাই! এখানেই না থেমে, তাদের দেশে বয়ে চলা ব্রহ্মপুত্র নদ বা ‘ ইয়ারলা ‘-র উপর গড়ে তুলছে সুপার ড্যাম। যা হবে বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (ক্ষমতা - ৬০ গিগাওয়াট )। এরপর ব্রহ্মপুত্রও বাঁচবে তো?

নদী সভ্যতাকে পালন করে। বন্যা শেষের পলিই একমাত্র উপহার দিতে পারে সুগন্ধী সোনা মুগ। সেই নদীকে আমরা এখন শাসন করছি। অনিঃশেষ ব্যবহার করছি নিজেদের ভোগের প্রয়োজনে। এভাবে নদীকে শেষ করলে, শেষ হবো আমরাও। শেষের সে দিন না দেখার শর্ত তাই একটাই - নদীকে বইতে দেওয়া - নির্মল ; অবিরল।

(প্রথম পাতার পর)
## নতুন ও পুরনোদের মেল বন্ধনে

চোখ করে ধনেখালির উন্নয়নের রথকে এগিয়ে নিয়ে যেতে পুরনোদের পাশাপাশি নতুনদের ওপরও ভরসা রাখল দল,এমনটাই মনে করছেন অনেকে ।নতুন এবং পুরোনো সদস্যদের সঙ্গে নিয়ে স্থানীয় বিধায়ক অসীমা পাত্রের নেতৃত্বে ধনেখালির উন্নয়নের রথকে কিভাবে এগিয়ে নিয়ে যান পঞ্চায়েত সমিতির সভাপতি অর্পিতা বারিক এবং সহ সভাপতি সৌমেন ঘোষ,সেটাই এখন দেখার।

(প্রথম পাতার পর)
## ডেঙ্গু সচেতনতার বার্তা নিয়ে তারকেশ্বরে বহুরুপী গোলাপ সুন্দরী

সকালে তারকেশ্বর বাজার, বাস স্ট্যান্ড, পদ্মপুকুর মোড়, চাউল পট্টি , জয়কৃষ্ণ বাজার সহ তারকেশ্বর পৌরসভার বিভিন্ন এলাকায় তিনি প্লাকার্ড হাতে ডেঙ্গু নিয়ে পথ চলতি সাধারণ মানুষকে সচেতন করেন। সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে বহুরূপী গোলাপ সুন্দরী খ্যাত শিক্ষক দেবাশীষ মুখোপাধ্যায় বলেন, ‘ডেঙ্গু নিয়ে মানুষকে সচেতন করছি। সচেতন হয়েই এই রোগটাকে,এই মশাটাকে আমরা নির্মূল করতে পারবো। একা সরকারের পক্ষে কোনো কাজ সম্ভব নয়। সমস্ত মানুষকে এগিয়ে আসতে হবে। সমস্ত মানুষকে সচেতন হতে হবে। তবেই আমরা ডেঙ্গুর এই মারাত্মক রোগ থেকে মুক্তি পাব।’







বিদ্যাসাগর স্মৃতি রক্ষা কমিটির ব্যবস্থাপনায় মেদিনীপুর শহরের বিদ্যাসাগর হলে শিক্ষক দিবসের অনুষ্ঠানে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

3) 15 September 2023 Vol-1, Issue-7 Bardhaman Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# ধনেখালি পঞ্চায়েত সমিতির বর্তমান সভাপতি,সহ সভাপতি ও কর্মাধ্যক্ষগণ



অর্পিতা বারিক, সভাপতি



সৌমেন ঘোষ,সহ সভাপতি




তন্দ্রিমা রায় চৌধুরী, কর্মাধ্যক্ষ,শিক্ষা, সংস্কৃতি, তথ্য ও ক্রীড়া স্থায়ী সমিতি




সর্বাণী সর্দার, কর্মাধ্যক্ষ, খাদ্য ও সরবরাহ স্থায়ী সমিতি




শিবানী মুর্মু, কর্মাধ্যক্ষ, জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি




বিজলী মাঝি, কর্মাধ্যক্ষ, শিশু ও নারী উন্নয়ন,জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতি



মহম্মদ মহসিন মন্ডল, কর্মাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি




অরুণ মাঝি, কর্মাধ্যক্ষ,মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ স্থায়ী সমিতি




অশোক কুমার পাল, কর্মাধ্যক্ষ, ক্ষুদ্র শিল্প, বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি স্থায়ী সমিতি




মুন্সী সাকায়ৎ হোসেন, কর্মাধ্যক্ষ, কৃষি,সেচ ও সমবায় স্থায়ী সমিতি



মহম্মদ হানিফ, কর্মাধ্যক্ষ, পূর্ত ও পরিবহন স্থায়ী সমিতি



ধনেখালি শরৎ সেন্টেনারী কলেজে ছাত্র সংসদের উদ্যোগে মহাসমারোহে উদযাপিত হল শিক্ষক দিবস।



কুর্মি, মাহাতোদের এসটি সুচিতে সামিল করার বিরুদ্ধে সোমবার বিকেলে গুড়াপের খানপুরে আদিবাসী সেঁঙ্গেল অভিযানের পক্ষ থেকে প্রতিবাদ মিছিল ও বাংলা, ঝাড়খন্ড এবং ওড়িশার মুখ্যমন্ত্রীর কুশপুতুল দাহ করা হল।

(প্রথম পাতার পর) **শীঘ্রই শুরু হবে হাজিপুর থেকে কাশীপুর গেট এবং বৈদ্যপুর থেকে বেলগাছিয়া**

এখন আর মোরামের চিহ্ন নেই, অভিযোগ।অতি সত্ত্বর রাস্তাদুটি সংস্কারের উদ্যোগ গ্রহণ করুক প্রশাসন, চাইছেন এলাকাবাসী।এ বিষয়ে ধনেখালি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সৌমেন ঘোষ আমাদের প্রতিনিধিকে জানান, 'রাস্তা দুটির কাজ শীঘ্রই শুরু হবে জেলা পরিষদের মাধ্যমে। এস্টিমেট ও ভেটিং রেডি হয়ে আছে। খুব শীঘ্রই টেন্ডার হবে।'

KHABOR SOJASUJI Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

## বেরুগ্রাম আচার্য গিরিশ চন্দ্র বিদ্যাপীঠে মহাসমারোহে উদযাপিত হল শিক্ষক দিবস

নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের বেরুগ্রাম আচার্য গিরিশ চন্দ্র বসু বিদ্যাপীঠে মহাসমারোহে উদযাপিত হল শিক্ষক দিবস।উপস্থিত ছিলেন জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি, জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি পূর্ণিমা মালিক, জামালপুর পঞ্চায়েত সমিতির সহ সভাপতি তথা বিদ্যালয় পরিচালন সমিতির সভাপতি ভূতনাথ মালিক, জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি মেহেমুদ খান,সদর দক্ষিণ মহকুমা শাসক কৃষ্ণেন্দু কুমার মন্ডল, বিডিও শুভঙ্কর মজুমদার, জয়েন্ট বিডিও গৌতম কুমার দত্ত সহ বিদ্যালয়ের প্রাক্তন ও


বর্তমান শিক্ষকবৃন্দ।

## হাজার বছর ধরে ধর্মীয় ভেদাভেদের উর্ধ্বে মহাভারতের শমী বৃক্ষ সংরক্ষণ করেন হাতিডোবা গ্রামের মানুষ !

নিজস্ব সংবাদদাতা ঃ চলুন আজ ঘুরে আসি মহাভারতের ইতিহাস প্রসিদ্ধ দক্ষিণ দিনাজপুরে।জেলার পর্যটন কেন্দ্র গুলির মধ্যে অন্যতম হরিরামপুর ব্লকের হতিডোবা গ্রাম।এই গ্রামেই রয়েছে মহাভারতে উল্লেখিত কয়েক হাজার বছরের পুরনো শমী বৃক্ষ।

মহাভারতের ইতিহাসে বর্ণিত সেই শমী বৃক্ষ, ইতিহাসের পাতায় যা কয়েক হাজার বছরের জীবন্ত দলিল হয়ে এখনো বেঁচে আছে।তার বৃদ্ধ তকমা পেতে হয়তো আরও কয়েকশো বছরের অপেক্ষা। মহাভারতে উল্লিখিত শমীবৃক্ষ সে।মহাভারতের ইতিহাস অনুযায়ী অজ্ঞাতবাসে থাকাকালীন এই গাছের কোটরেই পাণ্ডবরা নাকি লুকিয়ে রেখেছিলেন নিজেদের অস্ত্র। সেই শতাব্দী প্রাচীন মহীরুহ আজও আষ্টেপৃষ্ঠে বেঁধে রেখেছে মানুষের বিশ্বাস ও ভক্তিকে।

বিশ্বাস আর ভক্তিকে সামনে রেখে জেলা সহ রাজ্যের বিভিন্ন জায়গা থেকে প্রত্যেকদিন মানুষ ছুটে আসেন হরিরামপুরের হাতিডোবা গ্রামে।

বর্তমানে ধর্মীয় ভেদাভেদের উর্ধ্বে গিয়ে হিন্দু ও মুসলিম উভয় সম্প্রদায়ের মানুষ শমী বৃক্ষের রক্ষণাবেক্ষণ করেন।

এই শমীবৃক্ষকে কেন্দ্র করেই এলাকার মানুষজনদের জীবন জীবিকার মান উন্নয়ন ঘটেছে বিগত বেশ কয়েক বছর ধরে।

জানা যায়, বাম আমলে এই বৃক্ষ সেভাবে রক্ষণাবেক্ষণ করা হয়নি।



যদিও বর্তমানে হরিরামপুর ব্লক প্রশাসনের উদ্যোগে এলাকার মানুষজনদের ভাবাবেগকে মর্যাদা দিয়ে প্রাচীন এই বৃক্ষ সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এলাকার মানুষজনদের মতে, হরিরামপুর ব্লকের বৈরহট্ট গ্রাম পঞ্চায়েতের হাতিডোবা গ্রামের এই এলাকাতেই ছিল 'মহাভারতের বিরাট নগরী'। সেই প্রাচীনকাল থেকেই মহাভারতের ইতিহাস ওতপ্রোত ভাবে জড়িয়ে রয়েছে এলাকার সাথে।

প্রাচীন এই শমী বৃক্ষ সংরক্ষণ প্রসঙ্গে হরিরামপুর ব্লকের বিডিও পবিত্রা লামা বলেন, 'হরিরামপুরে হাতিডোবা গ্রামে অবস্থিত শমী বৃক্ষ এলাকার মানুষ বহু বছর ধরে মহাভারতের পবিত্র শমী বৃক্ষ হিসেবে পুজো করে আসছেন। পাশাপাশি দূর দূরান্ত থেকে পর্যটকদের আগমন ঘটে শমী বৃক্ষ দেখতে। আমরা ইতিমধ্যেই শমী বৃক্ষকে কেন্দ্র করে আরও ভালো পর্যটন কেন্দ্র গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছি।'

এলাকাবাসী আমিনুর রহমান বলেন, 'জন্মের পর থেকেই এই গাছ এবং তার ইতিহাস সম্পর্কে জেনে আসছি। তবে শমী বৃক্ষ কত পুরনো তা আমাদেরও জানা নেই। ১ লা বৈশাখে শমী বৃক্ষের নিচে বাৎসরিক মেলা বসে।আমরা চাই মহাভারতের ইতিহাস সমৃদ্ধ এই শমী বৃক্ষকে কেন্দ্র করে আরও বড় পর্যটন কেন্দ্র গড়ে উঠুক এলাকায়।'

### নাম পরিবর্তন

I,Anil Ghosh, s/o Joydeb Ghosh , residing at Station para Balidaha,P.S - Gurap ,Dist- Hooghly,Pin- 712303 declared that Anil Ghosh & Anil kr Ghosh and my father Joydeb Ghosh & J Ghosh are same person vide affidavit No.10 dated 11/09/2023 Executive Magistrate 1 st court at Sadar, Hooghly

## (প্রথম পাতার পর) রাজ্য প্রশাসনে ব্যাপক রদবদল !

হাওড়ার জেলা শাসক ছিলেন। রদবদল করা হয়েছে পুলিশেও। পূর্ব বর্ধমানের নতুন এসপি হলেন আমনদীপ। তিনি হুগলি গ্রামীণের এসপি ছিলেন।আর হুগলির নতুন এসপি হলেন কামনাশিষ সেন। তিনি পূর্ব বর্ধমানের এসপি ছিলেন। হুগলিতে কাজের পূর্ব অভিজ্ঞতা রয়েছে কামনাশিষ সেনের। তিনি শ্রীরামপুরের এসডিপিও ছিলেন। চন্দননগর পুলিশ কমিশনারেটের এসিপি ছিলেন। এছাড়াও হুগলি গ্রামীণের অতিরিক্ত পুলিশ সুপার পদেও দায়িত্ব সামলেছেন। এবার তিনি হুগলির পুলিশ সুপার হয়ে এলেন।আমলা পদে এবং পুলিশ প্রশাসনের উচ্চপদে একদিনে এত রদবদল কার্যত নজিরবিহীন।

অন্যদিকে হুগলির গ্রামীণের বিভিন্ন থানার ওসি পদেও কয়েকদিন আগে কিছু রদবদল করা হয়েছে। হুগলি গ্রামীণের ধনেখালি থানার নতুন ওসি হলেন অভিষেক চৌধুরী।পান্ডুয়া থানার নতুন ওসি হলেন প্রশান্ত ঘোষ।চন্ডিতলা থানার নতুন ওসি হলেন নিরুপম মন্ডল।মগরা থানার নতুন ওসি হলেন সুদীপ্ত সাধুখাঁ ।গোঘাট থানার নতুন ওসি হলেন অরুপ কুমার মন্ডল। তারকেশ্বর থানার নতুন ওসি হলেন কৌশিক দত্ত।বলাগড় থানার নতুন ওসি হলেন উত্তম কুমার সাহা। দাদপুর থানার নতুন ওসি হলেন তন্ময় বাগ এবং পোলবা থানার নতুন ওসি হলেন নজরুল ইসলাম।







## (চার পাতার পর) এক নজরে

পার্টি অফিসের ভিতরে মারধর করার অভিযোগ ! দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর এলাকার ঘটনা।

- তৃণমূলের পার্টি অফিস বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়ার হুঁশিয়ারি দিলেন বিজেপি নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল ! ধনেখালি বিধানসভার অন্তর্গত মহেশ্বরপুরে ২০২১ সালের পর থেকে বন্ধ বিজেপির দলীয় কার্যালয় খুলে দিয়ে তৃণমূলকে চরম হুঁশিয়ারি দিলেন বিজেপি নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল।
- পশ্চিম মেদিনীপুর জেলার গড়বেতা ৩ নং ব্লকের কড়সা গ্রাম পঞ্চায়েতের তাড়া গ্রামে মোরাম খাদান থেকে বেআইনি ভাবে মোরাম পাচারের অভিযোগ ! চাঞ্চল্য এলাকায়।
- হুগলির নতুন জেলা শাসক হলেন মুক্তা আর্য।
- পূর্ব বর্ধমানের নতুন জেলা শাসক হলেন পূর্ণেন্দু মাজি।
- পূর্ব বর্ধমান জেলার নতুন এসপি হলেন আমনদীপ। উনি হুগলি গ্রামীণের এসপি ছিলেন। আর হুগলি গ্রামীণের নতুন এসপি হলেন কামনাশিষ সেন। উনি পূর্ব বর্ধমানের এসপি ছিলেন।
- জাতীয় এবং রাজ্য সড়কের ওপর দিয়ে ইঞ্জিন ভ্যান,অটো ও টোটো চলাচল বন্ধে কড়া পদক্ষেপ হুগলির চন্দননগর পুলিশ কমিশনারেটের ডানকুনি থানার পক্ষ থেকে।
- 'ডানকুনি টোল প্লাজাতে দিনের বেলা জ্যাম হয় না, রাত্রি বেলা এত জ্যাম হয় কেন ? এই কৃত্রিম জ্যাম কেন করা হয় ? টাকা কোথায় যায় ?' বিস্ফোরক শুভেন্দু অধিকারী।
- অতিরিক্ত বিদ্যুৎ মাশুল প্রত্যাহার সহ সাত দফা দাবিতে হুগলির নসিবপুর ইলেকট্রিক অফিসে বিজেপির ডেপুটেশন।
- রাজ্য মন্ত্রী সভায় রদবদল করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদারকে সমবায় দপ্তরের বাড়তি দায়িত্ব দেওয়া হল। কারিগরি শিক্ষা,তথ্য ও সংস্কৃতি দপ্তরের পাশাপাশি পর্যটন দপ্তরেরও দায়িত্ব দেওয়া হল ইন্দ্রনীল সেনকে। বন দপ্তরের পাশাপাশি শিল্প পুনর্গঠন দপ্তরের দায়িত্ব ও দেওয়া হল জ্যোতিপ্রিয় মল্লিককে। সমবায় দপ্তরে থেকে সরিয়ে অরুপ রায়কে দেওয়া হল খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর।
- 'ইন্ডিয়া পাল্টে ভারত হবে,যার পছন্দ হবে না বাইরে যাবে' , হুঙ্কার বিজেপি সাংসদ দিলীপ ঘোষের।
- বৃহস্পতিবার জামিনে মুক্তি পেলেন খড়্গপুরের আনন্দবাজার পত্রিকার সাংবাদিক দেবমাল্য বাগচী। দেবমাল্যের গ্রেফতারের ঘটনায় সরব হয়েছিলেন বিভিন্ন সাংবাদিক সংগঠন সহ রাজ্যের বিরোধী শিবির।

## মহারাষ্ট্রে ডাকাতির ঘটনায় অভিযুক্তকে সিঙ্গুর থেকে গ্রেফতার করল মহারাষ্ট্র পুলিশ !

নিজস্ব সংবাদদাতা ঃ হুগলির গ্রামীন পুলিশের সিঙ্গুর থানা ও মহারাষ্ট্র পুলিশ যৌথ অভিযান চালিয়ে মঙ্গলবার রাতে সিঙ্গুরের নতুন বাজার এলাকা থেকে আড়াই কোটি টাকারও বেশি সোনা,হিরে ও নগদ টাকা ছিনতাইয়ে অভিযুক্ত কিসান নাথ(২৭) নামে এক যুবককে গ্রেফতার করে। বুধবার ধৃতকে ট্রানজিট রিমান্ডে মহারাষ্ট্র পুলিশের হাতে তুলে দিয়েছে চন্দননগর মহকুমা আদালত।পুলিশ সূত্রে জানা গেছে, অভিযুক্ত কিসান নাথের বাড়ি রাজস্থানের চুরু জেলায়।অভিযুক্ত এই কিসান নাথ গত মে মাসে মহারাষ্ট্রের সিয়নে চলন্ত গাড়ি থামিয়ে সোনা,হিরে ও নগদ অর্থ মিলিয়ে প্রায় ২ কোটি ৬২ লক্ষ টাকা ছিনতাই করে পালিয়ে এসে সিঙ্গুর থানা এলাকার নতুন বাজারে একটি আবাসনে ঘর ভাড়া নিয়ে গা ঢাকা দিয়েছিল। কিন্তু শেষ রক্ষা হল না। মঙ্গলবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে সিঙ্গুর থেকে অভিযুক্ত কিসান নাথকে গ্রেফতার করল মহারাষ্ট্র পুলিশ। ধৃত অভিযুক্ত কিসান নাথ কিভাবে সিঙ্গুরে এল,সে বিষয়েও খোঁজ খবর চালাচ্ছে পুলিশ।

## প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র -ছাত্রীদের অভিনব রাখি বন্ধন উৎসব

নিজস্ব সংবাদদাতা ঃ ফুল -পাতা দিয়ে নিজেরা রাখি তৈরী করে রাখি বন্ধন উৎসব পালন করল গ্রামীণ হাওড়া জেলার উলুবেড়িয়া উত্তর বিধান সভার আমতা ১ নং ব্লকের সিরাজবাটি চক্রের অন্তর্গত আওড়গাছি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা। নিজদের বাগানের ফুল পাতা দিয়ে নিজেরাই রাখি তৈরী করল প্রথম শ্রেণীর ছাত্রী দেবাংশী,মৌপ্রিয়া, দ্বিতীয় শ্রেণীর মেঘনা, হিমাংশু, তৃতীয় শ্রেণীর রূপ, রিমি, চতুর্থ শ্রেণীর সুস্মিতা, সুব্রত। তারপর সেই রাখি বিদ্যালয়ের সব ছাত্র ছাত্রীর হাতে বাঁধল তারা। রাখি তারা পরিয়ে দিল বাগানের গাছেদেরও। বাদ গেলনা বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারাও। এই ভাবেই রাখি বন্ধন উৎসব পালন করল আমতা আওড়গাছি প্রাথমিক বিদ্যালয়- এর শিশু ছাত্র ছাত্রীরা। প্রধান শিক্ষক প্রদীপ রঞ্জন রীত জানালেন - এই অভিনব ফুল- পাতার রাখি বন্ধন উৎসব- এর চিন্তা ভাবনা বিদ্যালয়ের কচি কাঁচা শিশু পড়ুয়াদেরই।পড়ুয়াদের সহযোগিতা করলেন শিক্ষক সৌমেন মন্ডল ও শিক্ষিকা পুষ্পিতা পাল।

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com